দৈনিক সংবাদ ২২

তারিখ 26 JUN 1998
পৃষ্ঠা ১২ কলাম ৭

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# কর্মচারীদের দুই গ্রুপে সংঘর্ষ ঃ আহত ১০

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দু'গ্রুপের মধ্যে গতকাল বৃহস্পতিবার ব্যাপক সংঘর্ষ হয়েছে। সংঘর্ষে এক পুলিশসহ কমপক্ষে ১০ জন আহত হয়েছে। এদের মধ্যে ৩ জন গুরুতর আহত হয়। আন্তঃবিশ্ববিদ্যালয় কর্মচারী ফেডারেশনের ৬. দফা দাবিতে প্রতীক ধর্মঘটকে কেন্দ্র করে এ সংঘর্ষ হয়।

গুরুতর আহত ৩ জনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এর মধ্যে নুরুল ইসলাম গ্রুপের চুন্নুকে হাতুড়ি দিয়ে মাথা ফাটিয়ে দেয়া হয়েছে। একই গ্রুপের অপর আহত কর্মীর নাম রাম। এছাড়া সংঘর্ষ থামাতে গিয়ে আবদুল জলিল নামে এক কনস্টেবল গুরুতর আহত হয়।

গতকাল সকাল ১১টার দিকে নুরুল ইসলাম গ্রুপের কর্মীরা ধর্মঘটের সমর্থনে মিছিলসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড বিল্ডিংয়ের সামনে এলে প্রতিপক্ষ রহমান গ্রুপ মিছিলে বাধা দেয়। এ সময়ই সংঘর্ষ শুরু হয়। সংঘর্ষশেষে নুরুল ইসলাম গ্রুপ উপাচার্যের অনুপস্থিতিতে উপ-উপাচার্য অধ্যাপক শহীদ উদ্দিন আহমেদের বাস-ভবনের সামনে প্রায় দু'ঘন্টা অবস্থান ধর্মঘট করে। উপ-উপাচার্যের অনুরোধে তারা কর্মসূচি প্রত্যাহার করে।